



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৯ জানুয়ারি ২০১৮খ্রি.

মেয়রের একান্ত সচিব পদে প্রায় ৭ বছর দায়িত্ব পালন শেষে চসিক থেকে বিদায় হলেন মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব) মোহাম্মদ মঞ্জুরুল ইসলামের কর্মস্থল বদলি সংক্রান্ত বিদায় অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, জনাব মঞ্জুরুল ইসলাম সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। সেবাধর্মী সিটি কর্পোরেশনের সকল কার্যক্রম তিনি দক্ষতার সাথে পরিচালনা করে দায়িত্ব শেষে বিদায় নিলেন। তাঁর এ বিদায়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কিছুটা বাধাগ্রস্ত হলেও মেয়র তার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেন। ৯ জানুয়ারি ২০১৮ খ্রি. মঙ্গলবার, সন্ধ্যায় নগরভবনের কে বি আবদুচ ছতার মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলামের কর্মস্থল বদলি সংক্রান্ত বিদায়ী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদোহা। বিদায়ী অনুষ্ঠানে একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান ও প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ বক্তব্য রাখেন। প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. সাইফুদ্দিন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম অনুষ্ঠান মঞ্চে উপবিষ্ট ছিলেন। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম। অনুষ্ঠানে বিদায়ী একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলামকে ফুল, সিটি কর্পোরেশনের মনোগ্রাম খচিত ক্রেস্ট ও ল্যাপটপ উপহার দেয়া হয়।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা